

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 08-03-2025**

**Time: 7-35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

- ১) নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিশ্বজুড়ে আন্তর্জাতিক নারী দিবস পালিত হচ্ছে। এবছর দিনটির মূল ভাবনা সমস্ত নারী ও কন্যাদের জন্য সমানাধিকার, সাম্য ও ক্ষমতায়ন।  
পশ্চিমবঙ্গে আজ একাধিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।  
শিয়ালদা স্টেশনের সমস্ত টিকিট কাউন্টারে আজ মহিলা কর্মীরা দায়িত্ব সামলাচ্ছেন।
- ২) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে হিংসার ঘটনা নিয়ে উদ্বেগ প্রকাশ করে রাজ্যপাল বিশ্ববিদ্যালয়ে শান্তি প্রতিষ্ঠা ও শিক্ষা ব্যবস্থার মানোন্নয়নের ওপর জোর দিয়েছেন।
- ৩) ভারত - বাংলাদেশ যৌথ নদী কমিশনে ৮৬-তম বৈঠকে দু-দেশের মধ্যে জল বন্টন সংক্রান্ত বিভিন্ন দিকগুলি পর্যালোচনা করা হয়েছে।
- ৪) কেন্দ্রীয় সরকারের ওষুধের মান নির্ণয়ক সংস্থার পরীক্ষায় এরাজ্যের একাধিক সংস্থার বহু ওষুধ অনুত্তীর্ণ হওয়ায় রাজ্যের স্বাস্থ্য দফতর সেগুলি বাজার থেকে তুলে নেওয়ার নির্দেশ দিয়েছে।
- ৫) ওয়াইল্ড লাইফ ক্রাইম কন্ট্রোল সেল গোপনে অভিযান চালিয়ে কলকাতা থেকে বহু মূল্যের চারটি হাতির দাঁত উদ্ধার করেছে।

0000000000000000

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিশ্বজুড়ে আন্তর্জাতিক নারী দিবস পালিত হচ্ছে। এবছর দিনটির মূল ভাবনা সমস্ত নারী ও কন্যাদের জন্য সমানাধিকার, সাম্য ও ক্ষমতায়ন। কেন্দ্রীয় নারী ও শিশু কল্যাণ মন্ত্রক নতুন দিল্লির বিজ্ঞান ভবনে একটি জাতীয়স্তরের আলোচনা চক্রের আয়োজন করেছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম এর সূচনা করবেন।

আজকের দিনে এক বিশেষ বার্তায় রাষ্ট্রপতি দেশবাসীকে শুভেচ্ছা জানিয়ে বলেছেন, পরিবার সমাজ এবং জাতির ক্ষেত্রে নারীরা মূল স্তুতি। প্রতিটি মহিলা সুরক্ষিত বোধ করেন এবং সর্বক্ষেত্রে সমান সুযোগ পান এমন সমাজ গড়ে তোলার আহ্বান জানান তিনি। এই উপলক্ষে হ্যাস্ট্যাগ শি বিল্ডস্ ভারতের মতো প্রচার কর্মসূচী চালানো হচ্ছে।

এদিকে, পশ্চিমবঙ্গেও দিনটি উপলক্ষে একাধিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কলকাতার সল্টলেকে শুভান্ন ভবনে গতকাল পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দফতর এক অনুষ্ঠানের আয়োজন করে। দফতরের মন্ত্রী শশী পাঁজা এর উদ্বোধন করেন। পরে শ্রীমতী পাঁজা আকাশবাণীকে বলেন, মেয়েদের শিক্ষায় উৎসাহ দিতে রাজ্য সরকারের কন্যাশ্রী প্রকল্প এক অভিনব কর্মসূচী। বাল্য বিবাহ ও শিশু পাচার সহ একাধিক অপরাধের উল্লেখ করে, এর মোকাবিলায় কড়া অবস্থান গ্রহণের কথা বলেন তিনি। মেয়েরা নিজেদের আত্মীয় পরিজনের মাধ্যমে যেভাবে আক্রান্ত হচ্ছে, তার প্রেক্ষিতে উদ্বেগ প্রকাশ করে মন্ত্রী এব্যাপারে নারীদের প্রতিবাদের পাশাপাশি পুরুষদেরও সচেতন হওয়ার আহ্বান জানান। রঞ্জঃস্বাব চলাকালীন কর্মক্ষেত্রে ছুটি এবং বেসরকারী অফিসে মহিলাদের সমবেতন পাওয়া নিয়ে আগামী দিনে সঠিক পদক্ষেপ গ্রহণের কথা চলছে বলেও মন্ত্রী জানান।

### (বাইট - শশী)

রাজ্য সরকার আজ নারী দিবস উপলক্ষে কলকাতা একটি মিছিলের আয়োজন করেছে। রবীন্দ্র সদন থেকে শুরু হয়ে মিছিল যাবে ডোরিনা ক্রসিং পর্যন্ত। বণিকসভা মার্চেন্ট অফ কর্মসৰের মহিলা শাখা গতকাল তিন কৃতী মহিলাকে সম্বৰ্ধিত করেন। এরা হলেন, ইন্ডিয়ান ইনসিটিউট অফ সেরিব্রাল পালসি ফাউন্ডারের প্রতিষ্ঠাতা পদ্মশ্রী, ডষ্ট্রে সুধা কৌল, টেবিল টেনিস খেলোয়াড় পদ্মশ্রী মৌমা দাস এবং বিশিষ্ট অভিনেত্রী ও পরিচালক চুর্ণী গাঙ্গুলি।

এদিকে, আজকের দিনটি উপলক্ষে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে ডাউন কৃষ্ণনগর মাতৃভূমি লোকাল ট্রেনটিকে সম্পূর্ণ মহিলা পরিচালিত করা হয়েছে। চালক, গার্ড ও আর পি এফ কর্মী হিসেবে মহিলারাই দায়িত্ব সামলাবেন। শিয়ালদা স্টেশনে আজ সকাল ১১-টায় ট্রেনটি পৌঁছলে স্বাগত জানাবেন, অ্যাসিস্ট্যান্ড কমার্শিয়াল ম্যানেজার মহুয়া দাস।

এছাড়াও ওই স্টেশনে সমস্ত সংরক্ষিত ও অসংরক্ষিত টিকিট কাউন্টার এবং টিকিট পরীক্ষার কাজে মোতায়েন রয়েছেন মহিলা রেল কর্মীরা।

জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার পূর্বাঞ্চলীয় সদর দফতর সল্টলেকে গতকাল এক অনুষ্ঠানে মহিলা কর্মকর্তাদের কৃতিত্বকে সম্মান জানানো হয়। অনুষ্ঠানের সূচনা করে সংস্থার অতিরিক্ত মহা নির্দেশক বর্ষা অশোক অগলাওয়ে বলেন, কর্মীদের পরিশ্রম ও অধ্যাবসায়ের ফলে এই বৈজ্ঞানিক প্রতিষ্ঠান উল্লেখযোগ্য কীর্তি স্থাপন করতে পেরেছে।

কয়লামন্ত্রক মহিলাদের আর্থ সামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নের লক্ষ্যে গতকাল নিউটাউনের কোলভবনে কাঁথা মেলার আয়োজন করে। প্রায় আড়াইশো মহিলার কাঁথার কাজ ওই মেলায় প্রদর্শিত হয়।

০০০০০০০০০০০০০০০

আন্তর্জাতিক নারী দিবসে সংবাদ বিভাগের বিশেষ আলোচনা “অর্ধেক আকাশ”। দুটি ভাগে বিভক্ত এই অনুষ্ঠানের প্রথম পর্বের অতিথি পদ্মশ্রী পুরস্কারে সম্মানিত শিল্পী মমতা শঙ্কর। দ্বিতীয় পর্যায়ে থাকবেন নারী আন্দোলনের কর্মী অধ্যাপিকা শাশ্বতী ঘোষ। দুজনের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল।

অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলী প্রচারতরঙ এবং ১০৭ এফ এম ও ডিটিএইচ বাংলা পরিষেবায়।

০০০০০০০০০০০০০০০

বিজ্ঞান এবং আধ্যাত্মিকতার মধ্যে কোন বিরোধ নেই বরং একে অপরের পরিপূরক বলে পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন। তিনি গতকাল রাজভবনে রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপচার্য এবং বেশ কিছু বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কাছে বক্তব্য রাখার সময় বলেন তিনি বিশ্বাস করতেন বিজ্ঞান ও আধ্যাত্মিকতা কখনই মিলতে পারেনা। কিন্তু পরবর্তী কালে সেই ধারনা বদলে গেছে।

(বাইট- রাজ্যপাল)

অনুষ্ঠানে পদ্মশ্রী পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট বিজ্ঞানি কিরণ ব্যাস এবং ঈসা বিশ্ব প্রজ্ঞান পরিষদের নির্দেশক ক্রিস্টফের ডুমা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী ও দূরদর্শনের অবসরপ্রাপ্ত কর্মীদের সংগঠন আনন্দ অবকাশের রজত জয়ন্তীবর্ষে গতকাল টেলিভিশন সংবাদ - নিউজ ভার্সেস নয়েজ শীর্ষক এক আলোচনা চক্রের আয়োজন করা হয়। এতে অংশগ্রহণ করেন, সাংবাদিক মেহাশিস শুর, সাংবাদিক স্বাতী ভট্টাচার্য ও সাংবাদিক সুদীপ্তি সেনগুপ্ত। সঞ্চালনায় ছিলেন কৃষ্ণশৰ্বরী দাশগুপ্ত।

অনুষ্ঠানে সংগঠনের মুখ্যপত্র সন্ধ্যারাগের পঞ্চম সংখ্যা আনুষ্ঠানিক প্রকাশ করা হয়।

০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সিভি আনন্দ বোস রাজ্যের বিশ্ববিদ্যালয় চতুরে হিংসার ঘটনা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। বিশ্ববিদ্যালয়গুলিতে শান্তি প্রতিষ্ঠা এবং শিক্ষা ব্যবস্থার মানোন্নয়নের উপর তিনি জোর দেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক ঘটনা প্রবাহের প্রেক্ষিতে রাজ্যপাল গতকাল রাজভবনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপচার্যদের সঙ্গে বৈঠক করেন। দীর্ঘ আলোচনায় শিক্ষাঙ্কনে ক্রমবর্ধমান হিংসার ঘটনা, নিরাপত্তার ঘাটতি এবং ভবিষ্যতে এই ধরনের ঘটনা প্রতিরোধের জন্য সম্ভাব্য পদক্ষেপ নিয়ে আলোচনা হয়। ক্যাম্পাসে ভয়ের পরিবেশ তৈরি হওয়া কোনোভাবেই কাম্য নয় বলে আলোচনায় উপস্থিত সকলেই। স্পষ্ট

করেছেন। রাজ্যপাল বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানকে হিংসার জায়গা না বানিয়ে শিক্ষার উপরুক্ত পরিবেশ গড়ে তোলাই একমাত্র লক্ষ্য হওয়া উচিত।

ক্যাম্পাস নিরাপত্তা জোরদার করতে এবং নজরদারি বাড়াতে একাধিক প্রস্তাব দেওয়া হয়েছে। বিশেষ খেয়াল রাখা হবে মনিটরিং টিমের কার্যকারিতা, ক্যাম্পাস সিকিউরিটি ও নজরদারি ব্যবস্থার ওপর। শিক্ষার্থী এবং অধ্যাপকদের মানসিক স্বাস্থ্যের দিকেও গুরুত্ব দেওয়া হবে। উপাচার্যরা বলেছেন, ভয়মুক্ত ক্যাম্পাস গড়ে তুলতে শিক্ষকদের পাশাপাশি অশিক্ষক কর্মীদেরও ভূমিকা গুরুত্বপূর্ণ। কিছু বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমস্যার কথাও আলোচনায় উঠে এসেছে।

০০০০০০০০০০০০০০০০

এদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে চলতি অচলাবস্থা কাটাতে সদিচ্ছার প্রয়োজন আছে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মত প্রকাশ করেছেন।

(বাইট - সুকান্ত)

অন্যদিকে, বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় বলেন, শিক্ষামন্ত্রী ভাত্য বসু সেদিনের ঘটনায় যথেষ্ট সংযম ও সহানুভূতি দেখিয়েছেন।

(বাইট - বিমান)

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের ঘটনায় গতকালও কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থক্ষেত্র ঘোষ পুলিশী ব্যর্থতাকেই দায়ী করেছেন। আগামী ১৩-ই মার্চ পর্যন্ত যাদবপুর বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকায় আদালতের নির্দেশ ছাড়া কোনরকম কর্মসূচী গ্রহণ করা যাবে না বলে হাইকোর্ট জানিয়েছে। তবে, ক্যাম্পাস চতুরে কোন নিষেধাজ্ঞা নেই।

এফ আই আর দায়ের হওয়া সত্ত্বেও শিক্ষামন্ত্রীর বিরুদ্ধে এখনও কোন ব্যবস্থা কেন নেওয়া হয়নি তা নিয়ে ক্ষেত্র প্রকাশ করে এস এফ আই-এর রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে

জানিয়েছেন, আজ বিভিন্ন থানায় দলের পক্ষ থেকে ওয়ানটেড পোস্টার কর্মসূচী চালানো হবে।

(বাইট - দেবাঞ্জন)

০০০০০০০০০০০০০০০০

কলকাতায় ভারত-বাংলাদেশ ঘোথ নদী কমিশনের ৮৬ তম বৈঠকের দ্বিতীয় তথা শেষ দিনে গতকাল দুদেশের গঠিত কারিগরি কমিটি এক বৈঠকে বিভিন্ন বিষয়ে আলোচনা করেছে। শহরের একটি পাঁচতারা হোটেলে বাংলাদেশ থেকে আসা প্রতিনিধি দলের সদস্যদের সঙ্গে ভারত সরকারের পাশাপাশি এরাজ্যের প্রতিনিধিরাও ছিলেন। গঙ্গার জলবন্টনের পাশাপাশি বিভিন্ন নদীর বন্যা নিয়ন্ত্রণ, সেচ পরিষেবার উন্নতির বিষয়ে একাধিক দ্বিপাক্ষিক কর্মসূচি নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গেছে। মহানন্দা নদীর উপর তৈরি বাঁধের কারণে তাদের দেশের কিছু নদীতে জল কমার প্রসঙ্গ বাংলাদেশের প্রতিনিধিরা বৈঠকে তুলে ধরেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে। রাজ্যের তরফে পাল্টা যুক্তি দিয়ে বলা হয়—মহানন্দার বেশিরভাগ এ দেশের অভ্যন্তরে প্রবাহিত। ফলে বাংলাদেশের নদীগুলির প্রবাহে তেমন প্রভাব পড়ার কথা নয়। তবু তা খতিয়ে দেখার আশ্বাস দেওয়া হয়েছে। রাজ্যের তরফে জানানো হয়েছে, বাংলাদেশের কিছু নদীর আশেপাশে বেশ কয়েকটি চিনিকল থাকায় দৃষ্টের আশঙ্কা বাঢ়ছে। বিষয়টি খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন বাংলাদেশের প্রতিনিধিরাও। যদিও' তিঙ্গার জলবন্টন নিয়ে এ দিন কোনও আলোচনা হয়নি বলে সূত্রের খবর।

০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারের ওষুধের মান নির্ণয়ক সংস্থা সিডিএসসিও-র পরীক্ষায় এরাজ্যের একাধিক সংস্থার বিপুল পরিমাণ ওষুধ অনুকূল হওয়ায় রাজ্যের স্বাস্থ্য দফতর সেগুলি বাজার থেকে তুলে নেওয়ার নির্দেশ দিয়েছে। স্বাস্থ্য ভবন থেকে জারি করা এক

নির্দেশিকায় অবিলম্বে এধরনের ওষুধের ব্যবহার বন্ধ করতে বলা হয়েছে। রাজ্য ওষুধ গুণমান নিয়ন্ত্রক কর্তৃপক্ষকেও এব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে বলা হয়েছে।

উল্লেখ্য, কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোলের গুণমান পরীক্ষায় চলতি বছরের প্রথম দু-মাসে দেশের বিভিন্ন সংস্থার তৈরি প্রায় ৩-শো ওষুধ-কে নট ফর স্ট্যান্ডার্ড কোয়ালিটি ড্রাগস বলে ঘোষণা করা হয়।

এর মধ্যে আছে এরাজ্যের প্রায় বেশ কয়েকটি ওষুধ।

oooooooooooooooooooo

ওয়াইল্ড লাইফ ক্রাইম কন্ট্রোল সেল, গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে কলকাতা ও সংলগ্ন এলাকা থেকে চারটি বহুমূল্যবান হাতির দাঁত উদ্ধার করেছে। গত বৃহস্পতিবার রাতে হাজরা রোডে এই অভিযান চালানো হয়। উদ্ধার হয় দুটি দাঁত। সেখান থেকে গ্রেপ্তার হওয়া ব্যক্তিদের জিজ্ঞাসাবাদ করে আরো দুজনকে কেষ্টপুর খালপাড় থেকে গ্রেপ্তার করা হয়। তাদের কাছ থেকেও উদ্ধার হয়েছে আরো দুটি হাতির দাঁত। বন্দপ্রাণের অনুমান দাঁত গুলি সব মহিলা হাতির এবং বয়স তিনের মধ্যে। ধূতরা স্থানীয় বাসিন্দা। এঁদের গতকাল বিধান নগর আদালতে তোলা হলে চোদ্দ দিনের পুলিশ হেপাজত হয়। ধূতদের সঙ্গে বিহার ঝাড় খন্ডের যোগাযোগ আছে।

A horizontal row of 15 empty circles, evenly spaced, used as a visual element in the document.

মোহনবাগান সুপারজায়ান্ট ও ইস্টবেঙ্গল দু দল-ই আজ এবারের আইএসএলে লিগপর্বে তাদের শেষ ম্যাচ খেলতে নামছে। শিলং এর জওহরলাল নেহেরু স্টেডিয়ামে তাদের শেষ ম্যাচে ইস্টবেঙ্গল নর্থ ইস্ট ইউনাইটেডের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

সন্ধ্যায় সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপারজায়ান্ট, এফসি গোয়ার বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ২৩ ম্যাচে ৫৩ পয়েন্ট সংগ্রহ করে মোহনবাগান ইতিমধ্যেই লিগশিল্ড জিতে নিয়েছে। ম্যাচের পরই মোহনবাগানকে লিগশিল্ড দেওয়া হবে। এই প্রথম ভারতীয় দল হিসেবে দ্বিতীয় লিগশিল্ড জয়ের নজির গড়েছে সবুজ মেরুন ব্রিগেড।

oo